## ২.১ ভূমি উন্নয়ন কর নির্ধারণীর আপত্তি নিষ্পত্তি:

**সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):**
আবেদনপ্রাপ্তির পর আপত্তি বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয় এবং শুনানির জন্য দিন / তারিখ ধার্য করে পক্ষগণকে নোটিশ প্রদান করা হয়। নির্ধারিত তারিখে গৃহীত শুনানি এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনান্তে আদেশ প্রদান করা হয়। আবেদনকারীর আপত্তি গৃহীত হলে ভূমি উন্নয়ন কর পুনঃনির্ধারণ অন্তে রেজিস্টার-২ (তলব বাকি রেজিস্টার) এবং ১ নং রিটার্ন (প্রযোজ্য ক্ষেত্রে রিটার্ন- ৩) সংশোধনের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

**সেবা প্রাপ্তি সময়:** সাধারণত ২০-২৫ দিন

**প্রয়োজনীয় ফি:** ১। ২০ টাকার কোর্ট ফি; ২। নোটিশ জারি ফি - ৫০/- টাকা।

**সেবা প্রাপ্তির স্থান:** উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস


**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: ১।** সহকারী কমিশনার (ভূমি); ২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা

**প্রয়োজনীয় কাগজপত্র:**
১। আবেদন;
২। দাবির/মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র;
৩। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি;
৪। আবেদনকারি কর্তৃক বর্ণিত জমির স্ক্যাচ/হাত নকশা;
৫। আবেদনের সঙ্গে বর্ণিত জমির বর্তমান অবস্থা বিষয়ে একটি ছবি (পরিস্কার) দাখিল করতে হবে;

**সেবা প্রাপ্তির শর্তাবলি:**
দাবির স্বপক্ষে কাগজসহ আবেদন দাখিল

**সংশ্লিষ্ট আইন ও বিধি:**
১। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০
২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল ১৯৯০
৩। ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ ১৯৭৬

**সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:** জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)



সেবার নামঃ ভূমি উন্নয়ন কর নির্ধারণীর আপত্তি নিষ্পত্তি
ধাপ সংখ্যা: ৯ টি
সম্পৃক্ত জনবল: ৪ জন
সময়: ২০-২৫ কার্যদিবস
শুরু
আবেদন দাখিল
১
P: AC (L)
T: 1-2 days
আবেদন গ্রহণ ও মিস কেস নথি সৃজন
২
আবেদন বিষয়ে সরজমিন ও রেকর্ডভিত্তিক তদন্ত করে প্রতিবেদন প্রদানের জন্য আদেশ
৩
P: AC (L), OA
T: 1day
সরজমিন রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন তৈরি
৪
P: ULAO, OA
T: 5-7 days
তদন্ত প্রতিবেদনপ্রাপ্তির পর শুনানির জন্য সংশ্লিষ্ট সকলকে নোটিশ প্রদান
৫
P: AC (L)
T: 1 day
শুনানি গ্রহণ
৬
P: AC (L)
T:1 day
আপত্তি গ্রহণ / অগ্রাহ্যকরণ?
৭
P: AC (L)
T: 1 day
না
আবেদন নামঞ্জুর ও নথিজাত
শেষ
হ্যাঁ
আপত্তি গৃহীত হলে কর পুনঃনির্ধারণের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে নির্দেশ প্রদান
৮
P: AC (L)
T: 1 day
ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক কর পুনঃনির্ধারণ এবং সংশ্লিষ্ট রেজিস্টার এবং রিটার্ন সংশোধন
৯
P: ULAO
T: 3-5 days
শেষ